ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন
প্রধান কার্যালয়
পল্লী ভবন (৭ম তলা)
৫, কাওরান বাজার,ঢাকা-১২১৫
www.sfdf.org.bd

স্মারক নং- ৪৭.৬৫.০০০০.০৬১.২৩.১০৫.১২. ৬২৭৭

তারিখঃ ০১।০৫।১৪২৫ বঙ্গাব্দ
১৫।০৮।২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়: তথ্য অধিকার বিষয়ক গেজেট প্রেরণ।

সূত্র: ১। পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের স্মারক নং-১১৬৮, তারিখ: ২৬।০৭।১৮।
২। মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-৬১, তারিখ: ১১।০৭।১৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে সরকার কর্তৃক তথ্য অধিকার আইন বাস্তবায়ন জোরদারকরণের লক্ষ্যে ২২ মে ২০১৮ তারিখে প্রকাশিত গেজেটসমূহে সংশ্লিষ্ট কমিটির রূপরেখা ও কার্যপরিধি অনুযায়ী যথাযথ ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে গেজেট ফাউন্ডেশনের নিজস্ব ওয়েবসাইটে প্রকাশ করা হলো।

(মোঃ গোলাম মোস্তফা)
মহাব্যবস্থাপক

অনুলিপি:

০১। ব্যবস্থাপক (আইসিটি)-তিনি পত্রটি ই-মেইল এ প্রেরণসহ ওয়েবসাইটে দেবার ব্যবস্থা করবেন।
০২। ব্যবস্থাপনা পরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য ।
০৩। সংশ্লিষ্ট নথি
০৪। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
প্রশাসন শাখা-১
www.rdcd.gov.bd

১১ শ্রাবণ, ১৪২৫ বঙ্গাব্দ
তারিখঃ
২৬ জুলাই, ২০১৮ খ্রিস্টাব্দ

স্মারক নং-৪৭.০০.০০০০.০৩১.১৬.১৯০.১৮- ১১৬৮

বিষয়ঃ তথ্য অধিকার বিষয়ক গেজেট প্রেরণ।

সূত্রঃ মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-৬১, তারিখঃ ১১ জুলাই ২০১৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকার তথ্য অধিকার আইন বাস্তবায়ন জোরদারকরণের লক্ষ্যে ২২ মে ২০১৮ তারিখে প্রকাশিত গেজেটসমূহে সংশ্লিষ্ট কমিটির রূপরেখা ও কার্যপরিধি অনুযায়ী যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য গেজেটসমূহের ছায়ালিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক ০৫(পাঁচ)... ফর্দ।

(মোঃ মিজবাহ উদ্দিন মোল্লা)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ +৮৮-০২-৯৫৭০৬৪৬
(e-mail: a_sec_1@ymail.com)

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):-

০১। মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি), পল্লী ভবন, ৫, কাওরান বাজার, ঢাকা।
০২। মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড), কুমিল্লা।
০৩। নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা।
০৪। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লি: (মিল্ক ইউনিয়ন), ঢাকা।
০৫। প্রকল্প পরিচালক, একটি বাড়ী একটি খামার প্রকল্প, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, প্রবাসী কল্যাণ ভবন (লেভেল-১৩, পশ্চিম অংশ) ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা।
০৬। মহাপরিচালক, বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমী (বাপার্ড), কোটালীপাড়া, গোপালগঞ্জ।
০৭। মহাব্যবস্থাপক, বাংলাদেশ সমবায় ব্যাংক লি:, ৯/ডি, মতিঝিল, ঢাকা-১০০০।
০৮। মহাপরিচালক (ভারপ্রাপ্ত), পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ) বগুড়া।
০৯। ব্যবস্থাপনা পরিচালক, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ), পল্লী ভবন, কারওয়ান বাজার, ঢাকা।
১০। ব্যবস্থাপনা পরিচালক, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, বাড়ি নং-০৫, এভিনিউ-০৩, রূপনগর, মিরপুর, ঢাকা।
১১। নির্বাহী সচিব, জাতীয় পল্লী উন্নয়ন সমবায় ফেডারেশন, ফেডারেশন ভবন, মতিঝিল, ঢাকা।

অনুলিপিঃ

১। সচিবের একান্ত সচিব (উপ-সচিব), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
তথ্য অধিকার শাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮২৩.০৭৯.০০৯.১৮. ৬৯

২৭ আষাঢ় ১৪২৫
তারিখ: -------------------
১১ জুলাই ২০১৮

বিষয়: তথ্য অধিকার বিষয়ক গেজেট প্রেরণ।

সরকার তথ্য অধিকার আইন বাস্তবায়ন জোরদারকরণের লক্ষ্যে গত ২২ মে ২০১৮ তারিখে (ক) তথ্য অধিকার বিষয়ক ওয়ার্কিং গ্রুপ (কেন্দ্রীয় পর্যায়); (খ) তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ বিভাগীয় কমিটি; (গ) তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ জেলা কমিটি; এবং (ঘ) তথ্য অধিকার বাস্তবায়ন ও পরিবীক্ষণ উপজেলা কমিটি গঠনপূর্বক গেজেট প্রকাশ করেছে (কপি সংযুক্ত)।

২। এমতাবস্থায়, সংশ্লিষ্ট কমিটির রূপরেখা ও কার্যপরিধি অনুযায়ী যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য গেজেটসমূহ এ সঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হল। তাঁর বিভাগের আওতাধীন জেলাপ্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারগণকে সংশ্লিষ্ট গেজেটের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত নির্দেশনা প্রদানের জন্য তাঁকে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তিঃ (ক) তথ্য অধিকার বিষয়ক ওয়ার্কিং গ্রুপ (কেন্দ্রীয় পর্যায়);
(খ) তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ বিভাগীয় কমিটি;
(গ) তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ জেলা কমিটি; এবং
(ঘ) তথ্য অধিকার বাস্তবায়ন ও পরিবীক্ষণ উপজেলা কমিটি -এর গেজেট।

১১.০৭.২০১৮

(মো: কায়ছারুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৪১০৫০১২৩
ই-মেইল: rti_sec@cabinet.gov.bd

বিভাগীয় কমিশনার
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ বিভাগ।

অনুলিপি (সদয় অবগতির জন্য/কার্যার্থে):

১। ~~সিনিয়র সচিব~~/সচিব (সকল) পল্লী উন্নয়ন ও সমবায় ............ ~~মন্ত্রণালয়~~/বিভাগ
[তাঁর মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/মাঠ পর্যায়ের কার্যালয়সমূহকে সংশ্লিষ্ট কমিটির কার্যপরিধি অনুযায়ী পরবর্তী কার্যক্রম গ্রহণের নির্দেশনা প্রদানের অনুরোধসহ]
২। মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব (উপসচিব), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। সচিব, সমন্বয় ও সংস্কার মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪। প্রধান তথ্য কমিশনার মহোদয়ের একান্ত সচিব, তথ্য কমিশন, আগারগাঁও, ঢাকা
৫। প্রোগ্রামার, আইসিটি সেল, মন্ত্রিপরিষদ বিভাগ [মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে গেজেটের কপি আপলোডের অনুরোধসহ]
৬। অতিরিক্ত সচিব (সংস্কার) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মন্ত্রিপরিষদ বিভাগ।

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ৩১, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ০৮ জ্যৈষ্ঠ ১৪২৫/২২ মে ২০১৮

নম্বর ০৪.০০.০০০০.৮২৩.৭৯.০০৯.১৮.০৪৪—তথ্য অধিকার আইন বাস্তবায়ন জোরদারকরণের লক্ষ্যে ১১ সেপ্টেম্বর ২০১৪ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগের ০৪.০০.০০০০.২২১.১৪.০৪৩.১৪.৬৪৩ সংখ্যক স্মারকে জেলা উপদেষ্টা কমিটি নিম্নরূপভাবে সরকার পুনর্গঠন করল :

তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ জেলা কমিটি

| | | | |
|---|---|---|---|
| ০১. | জেলা প্রশাসক | : | সভাপতি |
| ০২. | পুলিশ সুপার | : | সদস্য |
| ০৩. | সিভিল সার্জন | : | সদস্য |
| ০৪. | উপজেলা পরিষদ চেয়ারম্যান (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | : | সদস্য |
| ০৫. | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) | : | সদস্য |
| ০৬. | একজন অধ্যক্ষ (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | : | সদস্য |
| ০৭. | নির্বাহী প্রকৌশলী (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | : | সদস্য |
| ০৮. | উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | : | সদস্য |
| ০৯. | উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর | : | সদস্য |


মূল্য : টাকা ৪.০০

-৬০-

| | | | |
|---|---|---|---|
| ১০. | উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর | : | সদস্য |
| ১১. | জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা | : | সদস্য |
| ১২. | জেলা শিক্ষা অফিসার | : | সদস্য |
| ১৩. | জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | : | সদস্য |
| ১৪. | সংশ্লিষ্ট জেলার উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল) | : | সদস্য |
| ১৫. | জেলা তথ্য কর্মকর্তা | : | সদস্য |
| ১৬. | সভাপতি, জেলা প্রেস ক্লাব | : | সদস্য |
| ১৭. | সভাপতি, জেলা বার অ্যাসোসিয়েশন | : | সদস্য |
| ১৮. | সভাপতি, জেলা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ | : | সদস্য |
| ১৯. | দুইজন এনজিও প্রতিনিধি (আরটিআই-সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | : | সদস্য |
| ২০. | দুইজন মহিলা প্রতিনিধি (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | : | সদস্য |
| ২১. | সুশীল সমাজের একজন প্রতিনিধি (সনাক অথবা দুর্নীতি প্রতিরোধ কমিটির সদস্য, জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | : | সদস্য |
| ২২. | জেলা প্রশাসকের কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | : | সদস্য-সচিব |

(১) কমিটির কার্যপরিধি :

(ক) তথ্য অধিকার আইন এবং এ সংক্রান্ত বিধি-বিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ;

(খ) তথ্য অধিকার ও তথ্য প্রকাশকারী এবং চাহিদাকারীর সুরক্ষা সম্পর্কে জনগণকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান;

(গ) জেলার আওতাধীন সকল কর্তৃপক্ষ কর্তৃক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ এবং তাদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ;

(ঘ) তথ্য অধিকার বিষয়ক জাতীয় ও আন্তর্জাতিক দিবস উদ্‌যাপন;

(ঙ) জেলা পর্যায়ে তথ্য অধিকার আইন বাস্তবায়নের সঙ্গে সংশ্লিষ্ট বিভিন্ন সরকারি/বেসরকারি সংস্থার কার্যক্রম সমন্বয়;

(চ) তথ্য অধিকার বাস্তবায়ন ও পরিবীক্ষণ উপজেলা কমিটি কার্যক্রমের তদারকি ও উৎসাহ প্রদান;



(ছ) তথ্য অধিকার আইন সংক্রান্ত বিরোধ নিষ্পত্তি, তদন্তের আয়োজন ও এ আইন বাস্তবায়নে তথ্য কমিশনকে প্রয়োজনীয় সহায়তা প্রদান; এবং

(জ) নারীর তথ্য অধিকার নিশ্চিতকল্পে জেলা পর্যায়ে যথাযথ কার্যক্রম গ্রহণ।

(২) কমিটি প্রতি দুই মাসে একবার সভায় মিলিত হবে এবং সংশ্লিষ্ট সভার কার্যবিবরণী মন্ত্রিপরিষদ বিভাগ, তথ্য কমিশন এবং বিভাগীয় কমিটির নিকট প্রেরণ করবে।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হল এবং তা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এন এম জিয়াউল আলম
সচিব, সমন্বয় ও সংস্কার
মন্ত্রিপরিষদ বিভাগ

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আনোয়ার হোসেন, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

| | | | |
|---|---|---|---|
| ১০. | উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর | : | সদস্য |
| ১১. | জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা | : | সদস্য |
| ১২. | জেলা শিক্ষা অফিসার | : | সদস্য |
| ১৩. | জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | : | সদস্য |
| ১৪. | সংশ্লিষ্ট জেলার উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল) | : | সদস্য |
| ১৫. | জেলা তথ্য কর্মকর্তা | : | সদস্য |
| ১৬. | সভাপতি, জেলা প্রেস ক্লাব | : | সদস্য |
| ১৭. | সভাপতি, জেলা বার অ্যাসোসিয়েশন | : | সদস্য |
| ১৮. | সভাপতি, জেলা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ | : | সদস্য |
| ১৯. | দুইজন এনজিও প্রতিনিধি (আরটিআই-সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | : | সদস্য |
| ২০. | দুইজন মহিলা প্রতিনিধি (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | : | সদস্য |
| ২১. | সুশীল সমাজের একজন প্রতিনিধি (সনাক অথবা দুর্নীতি প্রতিরোধ কমিটির সদস্য, জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | : | সদস্য |
| ২২. | জেলা প্রশাসকের কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | : | সদস্য-সচিব |

(১) কমিটির কার্যপরিধি :

(ক) তথ্য অধিকার আইন এবং এ সংক্রান্ত বিধি-বিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ;

(খ) তথ্য অধিকার ও তথ্য প্রকাশকারী এবং চাহিদাকারীর সুরক্ষা সম্পর্কে জনগণকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান;

(গ) জেলার আওতাধীন সকল কর্তৃপক্ষ কর্তৃক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ এবং তাদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ;

(ঘ) তথ্য অধিকার বিষয়ক জাতীয় ও আন্তর্জাতিক দিবস উদ্‌যাপন;

(ঙ) জেলা পর্যায়ে তথ্য অধিকার আইন বাস্তবায়নের সঙ্গে সংশ্লিষ্ট বিভিন্ন সরকারি/ বেসরকারি সংস্থার কার্যক্রম সমন্বয়;

(চ) তথ্য অধিকার বাস্তবায়ন ও পরিবীক্ষণ উপজেলা কমিটি কার্যক্রমের তদারকি ও উৎসাহ প্রদান;



(ছ) তথ্য অধিকার আইন সংক্রান্ত বিরোধ নিষ্পত্তি, তদন্তের আয়োজন ও এ আইন বাস্তবায়নে তথ্য কমিশনকে প্রয়োজনীয় সহায়তা প্রদান; এবং

(জ) নারীর তথ্য অধিকার নিশ্চিতকল্পে জেলা পর্যায়ে যথাযথ কার্যক্রম গ্রহণ।

(২) কমিটি প্রতি দুই মাসে একবার সভায় মিলিত হবে এবং সংশ্লিষ্ট সভার কার্যবিবরণী মন্ত্রিপরিষদ বিভাগ, তথ্য কমিশন এবং বিভাগীয় কমিটির নিকট প্রেরণ করবে।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হল এবং তা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এন এম জিয়াউল আলম
সচিব, সমন্বয় ও সংস্কার
মন্ত্রিপরিষদ বিভাগ

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ হুমায়ুন হোসেন, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

রেজি: ...র্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, মে ৩১, ২০১৮**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ০৮ জ্যৈষ্ঠ ১৪২৫/২২ মে ২০১৮

নম্বর ০৪.০০.০০০০.৮২৩.৭৯.০০৯.১৮.০৪২—তথ্য অধিকার আইন বাস্তবায়নে ২২ ডিসেম্বর ২০১৪ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগের ০৪.০০.০০০০.২২১.১৪.০৪৩.১৪,১৭৫ সংখ্যক স্মারকে গঠিত ওয়ার্কিং গ্রুপ নিম্নরূপভাবে সরকার পুনর্গঠন করল:

**তথ্য অধিকার বিষয়ক ওয়ার্কিং গ্রুপ (কেন্দ্রীয় পর্যায়):**

| | | |
|---|---|---|
| ১। সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ | : | সভাপতি |
| ২। অতিরিক্ত সচিব (সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ | : | সদস্য |
| ৩। প্রতিনিধি, তথ্য মন্ত্রণালয় | : | সদস্য |
| ৪। সচিব, তথ্য কমিশন | : | সদস্য |
| ৫। মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো | : | সদস্য |
| ৬। এনজিও প্রতিনিধি (আরটিআই-সংশ্লিষ্ট যেকোন ১টি) | : | সদস্য |
| ৭। প্রতিনিধি, সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ | : | সদস্য |
| ৮। উপসচিব (প্রশাসনিক সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ | : | সদস্য-সচিব |

(১) আরটিআই ওয়ার্কিং গ্রুপের কার্যপরিধি:

(ক) তথ্য অধিকার বাস্তবায়নের জন্য অগ্রাধিকার নির্ধারণ;

(খ) নির্ধারিত অগ্রাধিকার বাস্তবায়নের লক্ষ্যে কর্ম-পরিকল্পনা প্রণয়ন;



মূল্য : টাকা ৪.০০

(গ) তথ্য অধিকার বাস্তবায়নের সঙ্গে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের সঙ্গে সমন্বয় সাধন;

(ঘ) তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ (proactive disclosure) কার্যক্রমের অগ্রগতির জোরদারকরণে প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন;

(ঙ) বাংলাদেশে নারীর তথ্য অধিকার নিশ্চিতকরণে সময়াবদ্ধ কর্ম-পরিকল্পনা প্রণয়ন;

(চ) নারীর তথ্য অধিকার নিশ্চিতকরণে সংশ্লিষ্ট সকল অংশীজনের অংশগ্রহণের নিমিত্ত ফোরাম গঠন; এবং

(ছ) নারীর তথ্য অধিকার নিশ্চিতকরণের লক্ষ্যে পৃথিবীর বিভিন্ন দেশে গৃহীত মাল্টি-সেক্টোরাল সুযোগের রেপ্লিকেশন।

(২) উক্ত ওয়ার্কিং গ্রুপ প্রতি ৩ মাসে একবার সভায় মিলিত হবে এবং উর্পযুক্ত কাজের অগ্রগতি প্রতিবেদন সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করবে;

(৩) উক্ত ওয়ার্কিং গ্রুপ প্রয়োজনে বিষয়ের সঙ্গে সংশ্লিষ্ট অন্য কোন কর্মকর্তা/বিশেষজ্ঞ কিংবা এ কাজের সহিত সম্পৃক্ত যেকোন প্রতিষ্ঠানের প্রতিনিধিকে সভায় অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানাতে পারবে।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হল এবং তা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এন এম জিয়াউল আলম
সচিব, সমন্বয় ও সংস্কার
মন্ত্রিপরিষদ বিভাগ

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ ছরোয়ার হোসেন, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ৩১, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

**প্রজ্ঞাপন**

ঢাকা, ০৮ জ্যৈষ্ঠ ১৪২৫/২২ মে ২০১৮

নম্বর ০৪.০০.০০০০.৮২৩.৭৯.০০৯.১৮.০৪৫—তথ্য অধিকার আইন বাস্তবায়ন জোরদারকরণের লক্ষ্যে নিম্নরূপভাবে সরকার তথ্য অধিকার বাস্তবায়ন ও পরিবীক্ষণ উপজেলা কমিটি গঠন করল :

**তথ্য অধিকার বাস্তবায়ন ও পরিবীক্ষণ উপজেলা কমিটি :**

| | | | |
|---|---|---|---|
| ০১. | উপজেলা নির্বাহী অফিসার | : | সভাপতি |
| ০২. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার | : | সদস্য |
| ০৩. | উপজেলা কৃষি কর্মকর্তা | : | সদস্য |
| ০৪. | সংশ্লিষ্ট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা | : | সদস্য |
| ০৫. | উপজেলা শিক্ষা কর্মকর্তা | : | সদস্য |
| ০৬. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | : | সদস্য |
| ০৭. | উপজেলা প্রকৌশলী | : | সদস্য |
| ০৮. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | : | সদস্য |
| ০৯. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | : | সদস্য |
| ১০. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | : | সদস্য |
| ১১. | একজন সাংবাদিক (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত) | : | সদস্য |
| ১২. | একজন আইনজীবী (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত) | : | সদস্য |
| ১৩. | দুইজন এনজিও প্রতিনিধি (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত) | : | সদস্য |
| ১৪. | দুইজন মহিলা প্রতিনিধি (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত) | : | সদস্য |
| ১৫. | সুশীল সমাজের একজন প্রতিনিধি (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত) | : | সদস্য |
| ১৬. | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | : | সদস্য-সচিব |



মূল্য ঃ টাকা ৪.০০

(১) কমিটির কার্যপরিধি :

(১) তথ্য অধিকার আইন এবং এ সংক্রান্ত বিধি-বিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ;

(২) তথ্য অধিকার ও তথ্য প্রকাশকারী এবং চাহিদাকারীর সুরক্ষা সম্পর্কে জনগণকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান;

(৩) উপজেলাধীন সকল ইউনিয়ন পরিষদ, সকল এমপিওভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠান, দেশি/বিদেশি অনুদানপ্রাপ্ত এনজিও এবং উপজেলা পর্যায়ের সকল কর্তৃপক্ষ কর্তৃক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ এবং তাদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ;

(৪) তথ্য অধিকার বিষয়ক জাতীয় ও আন্তর্জাতিক দিবস উদ্‌যাপন এবং তথ্য অধিকার সংক্রান্ত প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ;

(৫) উপজেলা পর্যায়ে তথ্য অধিকার আইন বাস্তবায়নের সঙ্গে সংশ্লিষ্ট বিভিন্ন সরকারি/বেসরকারি সংস্থার কার্যক্রম সমন্বয়;

(৬) তথ্য অধিকার আইন সংক্রান্ত বিরোধ নিষ্পত্তি, তদন্তের আয়োজন ও এ আইন বাস্তবায়নে তথ্য কমিশনকে প্রয়োজনীয় সহায়তা প্রদান; এবং

(৭) নারীর তথ্য অধিকার নিশ্চিতকল্পে উপজেলা পর্যায়ে যথাযথ কার্যক্রম গ্রহণ।

(২) কমিটি প্রতি দুই মাসে একবার সভায় মিলিত হবে এবং সংশ্লিষ্ট সভার কার্যবিবরণী মন্ত্রিপরিষদ বিভাগ, তথ্য কমিশন, বিভাগীয় ও জেলা কমিটির নিকট প্রেরণ করবে।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হল এবং তা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এন এম জিয়াউল আলম
সচিব, সমন্বয় ও সংস্কার
মন্ত্রিপরিষদ বিভাগ

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ ছরোয়ার হোসেন, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd.